গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়, রাজশাহী
www.rajshahi.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নং-০৫.৪৩.৮১০০.০০২.০৪.০০২.২৩-১৫৮

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে স্থানীয় পর্যবেক্ষকদের পরিচয়পত্র ও গাড়ীর স্টিকার প্রদানের জন্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক প্রণীত নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৩ ও সংশ্লিষ্ট আইন মেনে নির্বাচন পর্যবেক্ষণের জন্য রাজশাহী জেলার ০৬টি নির্বাচনি এলাকাসমূহের জন্য নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক অনুমোদিত ও নিয়োগকৃত স্থানীয় নির্বাচন পর্যবেক্ষণ সংস্থাসমূহকে আগামী ০২ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখ মঙ্গলবার বিকাল ৪.০০ টার মধ্যে নিম্নবর্ণিত নিয়মে আবেদন করার জন্য অনুরোধ করা হলো:

১. নির্বাচন কমিশন হতে অনুমোদিত স্থানীয় নির্বাচন পর্যবেক্ষক সংস্থার প্রত্যেক পর্যবেক্ষকের জন্য জেলা প্রশাসক, রাজশাহী ও রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বরাবর আবেদন দাখিল করতে হবে।
২. আবেদনপত্রের সাথে ফরম EO-2 (কপি সংযুক্ত), ফরম EO-3 (কপি সংযুক্ত), এসএসসি/সমমানের সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
৩. গাড়ির স্টিকারের জন্য সংশ্লিষ্ট স্থানীয় নির্বাচন পর্যবেক্ষক সংস্থার গাড়ির রেজিস্ট্রেশনের কাগজপত্র ও ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং লাইসেন্সসহ আবেদন করতে হবে।
৪. পর্যবেক্ষকগণ অনধিক ৫ জনের টিম করে ভ্রাম্যমান পর্যবেক্ষক হিসেবে নির্বাচন পর্যবেক্ষণ করবেন। প্রতি ০৫ জন সদস্যের ভ্রাম্যমান পর্যবেক্ষক টিম যে গাড়িতে ভ্রমণ করবেন তাদের নামের তালিকা গাড়ির স্টিকারের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

উল্লেখ্য, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক অনুমোদিত ও নিয়োগকৃত নির্বাচনি এলাকাভিত্তিক স্থানীয় নির্বাচন পর্যবেক্ষণ সংস্থাসমূহ ছাড়া অন্য কোন সংস্থা পর্যবেক্ষক কার্ডের জন্য আবেদন করতে পারবেন না এবং সংশ্লিষ্ট পর্যবেক্ষণ সংস্থার পর্যবেক্ষকদের অনুকূলে নির্বাচন কমিশন সচিবালয় হতে নির্ধারিত পর্যবেক্ষক সংখ্যার অতিরিক্ত সংখ্যক পরিচয়পত্র ইস্যু করা হবে না। কোন পর্যবেক্ষক যদি কোন রাজনৈতিক দলের কেন্দ্রীয় কিংবা স্থানীয় কমিটির পদাধিকারী হন কিংবা স্থানীয় নির্বাচনি এজেন্ট/প্রচারণা কমিটি/পোলিং এজেন্ট হিসেবে দায়িত্বপ্রাপ্ত হন তাহলে তাকে পর্যবেক্ষক হিসেবে কার্ড ইস্যু করা হবে না। নির্বাচন কমিশনের পর্যবেক্ষক লেখা স্টিকারযুক্ত গাড়িতে অনুমোদিত পর্যবেক্ষক ছাড়া অন্য কেউ ভ্রমণ করতে পারবেন না। পর্যবেক্ষকদের জন্য কোন মোটরসাইকেলের স্টিকার ইস্যু করা হবে না।

২৮/১২/২০২৩
শামীম আহমেদ
জেলা প্রশাসক, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন নং-০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)
ইমেইল: dcrajshahi@mopa.gov.bd

নং-০৫.৪৩.৮১০০.০০২.০৪.০০২.২৩-১৫৮(৫৩)

তারিখ: ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ
১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৬। পুলিশ সুপার, রাজশাহী
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী **(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)**
৯। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী
১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১১। উপজেলা নির্বাহী অফিসার, .......................(সকল), রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
১২। থানা নির্বাচন অফিসার, রাজপাড়া/বোয়ালিয়া, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
১৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী **(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১৪। উপজেলা নির্বাচন অফিসার, .......................(সকল), রাজশাহী
১৫। অফিসার ইনচার্জ, ................................ (সকল) থানা, রাজশাহী

২৮/১২/২০২৩
জেলা প্রশাসক, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

CS CamScanner

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

ফরম EO-2

## স্থানীয় পর্যবেক্ষক আবেদন ফরম

১। নাম :......................................................................................................

২। জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর :......................................................................................................

৩। ঠিকানা :......................................................................................................

৪। শিক্ষাগত যোগ্যতা :......................................................................................................

৫। জন্মতারিখ :......................................................................................................

৬। মোবাইল নম্বর :......................................................................................................

৭। নিয়োগকারী পর্যবেক্ষক সংস্থা :......................................................................................................

৮। পূর্বে নির্বাচন পর্যবেক্ষণ করিয়া থাকিলে উহার নাম ও সময় :..............................................................................

৯। পূর্বের নিয়োগকারী সংস্থার নাম :......................................................................................................

১০। রেফারেন্স : পর্যবেক্ষক সম্পর্কে তথ্যাদি প্রদানে সক্ষম এমন দুজন সুপরিচিত ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, ঠিকানা ও ফোন নম্বর : (পর্যবেক্ষকের আত্মীয়, নির্বাচনের প্রার্থী বা রাজনৈতিক দলের নেতা হইবেন না)

১। ..................................................................................................
২। ..................................................................................................

.............................
আবেদনকারীর স্বাক্ষর

তারিখঃ

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

ফরম EO-3

**পর্যবেক্ষকের অঙ্গীকারনামা**

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করিতেছি যে-

১। আমি নির্দলীয়ভাবে নির্বাচন প্রক্রিয়া পর্যবেক্ষণ করিব;

২। আমি আসন্ন নির্বাচনে মনোনয়ন প্রত্যাশী কোন রাজনৈতিক দলের বা প্রার্থীর কর্মী নই এবং আমি নিজেও প্রার্থী নই;

৩। নির্বাচন প্রক্রিয়ার সংশ্লিষ্ট কর্মকান্ড পর্যবেক্ষণের সময় প্রার্থী, রাজনৈতিক দল এবং কোন কমিটি, আন্দোলন বা সংস্থার পক্ষে বা বিপক্ষে কোন আনুকূল্য প্রদর্শন হইতে বিরত থাকিয়া আমি কঠোরভাবে নিরপেক্ষতা বজায় রাখিব। ইহা ছাড়া আমি প্রার্থী বা তাহাদের এজেন্টদের নিকট হইতে যে কোন ধরনের সহায়তা বা হুমকি প্রত্যাখ্যান করিয়া সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করিব;

৪। নির্দলীয় পর্যবেক্ষক হিসাবে আমি নির্বাচন প্রক্রিয়ার যেই সকল বিষয় পর্যবেক্ষণ করিতেছি সেই সকল বিষয়ে যত তাড়াতাড়ি সম্ভব নির্ভুল ও নিরপেক্ষ তথ্যাদি আমার নিয়োগকারী সংস্থাকে প্রদান করিব;

৫। আমি বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক জারিকৃত নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালার মর্ম অবহিত হইয়াছি। আমার দ্বারা উহার কোন লঙ্ঘন হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

স্বাক্ষর :
আবেদনকারীর নাম :
জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর :
সংস্থার নাম :
ঠিকানা :



CamScanner